5552

1-6703

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL A 435911

Certified that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with this document are the Part of this document.

Addl. District Sub-Registrar, Asansol, Dist. Burdwan

Query No. 7766/2008

Subhasish Hazra alias Sovan Hazra

## দানপত্র দলিল

দানকৃত সম্পত্তির নির্ধারিত বাজার দর মূল্য ৫,৮৯,৯৬৪ টাকা।

থানা হীরাপুর, মৌজা সাঁতা মধ্যে

হোল্ডিং নং ৯৫৭ (৩০), ওয়ার্ড নং ১ (এ. এম. সি.)

দাগ নং আর. এস. ২৭৩১ মধ্যে পরিমাণ ১৫২৯ বর্গফুট ভূমি

মায় তদুপরি নির্ম্মিত একখানি পুরাতন একতল পাকা গৃহাদি সহ।

**********************************************************************

ক্রমশ.........................২

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL A 435912

Subhasish Hazra alias Sovan Hazra

:২:

ঃ দানপত্র গ্রহীতা ঃ

শ্রী শুভাশীষ হাজরা ওরফে শোভন হাজরা, পিতা শ্রী হরিনারায়ণ হাজরা, বয়স ২৪ বৎসর, জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়, পেশা শিক্ষার্থী, সাকিম সাঁতা, পোষ্ট অফিস বার্ণপুর, থানা হীরাপুর, চৌকি ও এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস আসানসোল, জেলা বর্ধমান ।

ক্রমশ...........................৩

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 435913

Subhasish Hazra alias Sovan Hazra

:৩:

ঃ দানপত্র দাতা ঃ

১) শ্রী হরিনারায়ণ হাজরা, পিতা স্বর্গীয় গৌরী শঙ্কর হাজরা, বয়স ৬৪ বৎসর, জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়, পেশা অবসরপ্রাপ্ত চাকুরীয়া, সাকিম সাঁতা, পোষ্ট অফিস বার্ণপুর, থানা হীরাপুর, চৌকি ও এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস আসানসোল, জেলা বর্ধমান।

ক্রমশ.........................৪

Subhasish Hazra alias Sovam Hazra

কস্য রায়তী স্বত্তীয় বাস্তুবাটীর শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ- দানগ্রহীতা তুমি আমার ঔরসজাত একমাত্র পুত্র সন্তান হইতেছ এবং অদ্যবধি তুমি আমার প্রতি অতীব শ্রদ্ধা সহকারে আমার সেবাযত্ন করিয়া আসিতেছ এবং আশা রাখি এইরূপে আমার জীবনকাল তক সেবা যত্ন করিবে । এমতাবস্থায় আমি দানপত্র দাতা তোমার সেবাযত্নে অতীব প্রীত ও সন্তুষ্ট হইয়া তোমার প্রতি স্নেহ ও ভালোবাসা বশতঃ আমার স্বত্ত্ব দখলীয় যাহা নিম্নের তপশীলোক্ত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি বিগত আর. এস. রেকর্ডের মালিক অধুনা স্বর্গীয় গৌরী শঙ্কর হাজরা, পিতা স্বর্গীয় রাম শরন হাজরা মহাশয়ের একাএক স্বত্ত্ব দখলীয় সম্পত্তিতে তিনি তাঁহার জীবন কাল তক্ সম্পূর্ণ স্বত্ত্ব দখলের মালিক থাকিয়া বিগত ইংরাজী ০৫/১০/১৯৬৮ তারিখে তিনি তাঁহার তিন পুত্র যথাক্রমে হরিসাধন হাজরা, হরিভজন হাজরা অর্থাৎ দানপত্রদাতা আমাকে এবং শ্রী হরিনারায়ণ হাজরা এবং তাঁহার দুই কন্যা যথাক্রমে শ্রীমতি কালিদাসী গায়েন স্বামী ছকুড়ি গায়েন এবং অপর কন্যা গীতারাণী পান্ডা স্বামী বামাপদ পান্ডাকে ও তাঁহার স্ত্রী শান্তবালা হাজরা এই ছয়জনকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোকগমন করিলে তাঁহার উক্ত তিন পুত্র ও দুই কন্যা এবং তাঁহার পত্নী এই ছয় জনে হিন্দু উত্তরাধিকার আইন মূলে সম ছয় অংশে ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে মালিক ও দখলকার ও দখলকারিনী থাকাকালে তাঁহাদের মধ্যে তাঁহার পত্নী অর্থাৎ উক্ত গৌরী শঙ্কর হাজরার পত্নী অর্থাৎ আমার মাতাঠাকুরানী শান্তবালা হাজরা গত ইংরাজী ১৮/১০/১৯৭৭ তারিখে তাঁহার উক্ত তিন পুত্র এবং দুই কন্যাকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোকগমন করিলে তাঁহার উক্ত তিন পুত্র ও দুই কন্যা তাঁহার একের ছয় অংশের সম্পত্তি সম অংশে ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হয়েন এবং উক্ত সম্পত্তি সকল উক্ত হরি সাধন হাজরা, হরি ভজন হাজরা অর্থাৎ আমি অত্র দানপত্র দলিলের দাতা এবং

ক্রমশ......................৫

Subhasish Hazra alias Sovan Hazra

হরিনারায়ণ হাজরা, কালিদাসী গায়েন এবং গীতারানী পান্ডা এই পাঁচ শরিক মিলিয়া সম পাঁচ অংশে আপন আপন অংশ মোতাবেক এজমালে মালিক দখলকার ও দখলকারিনী থাকাকালে তাঁহাদের মধ্যে গীতারানী পান্ডা গত ইংরাজী ১৮/১১/১৯৮০ তারিখে তাঁহার দুই পুত্র নাবালক অমরনাথ পান্ডা ও নাবালক সোমনাথ পান্ডা এবং নাবালিকা কন্যা চন্দনা পান্ডা এবং স্বামী শ্রী বামাপদ পান্ডাকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে উক্ত গীতারানী পান্ডার ত্যক্ত একের পাঁচ অংশের সম্পত্তি তাঁহার উক্ত দুই পুত্র এক কন্যা এবং তাঁহার স্বামী মহাশয় সম অংশে তাঁহার ত্যক্ত একের পাঁচ অংশের সম্পত্তি ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাদের অপর চারি শরিকের সহিত এজমালে মালিক ও দখলকার ও দখলকারিনী থাকাকালে উক্ত সাঁতা মৌজার নিম্ন তপশীলোক্ত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি তাহাদের এজমালে স্বত্ত্ব দখল পরিচালনের অসুবিধা দেখা দেওয়ায় তাঁহারা উক্ত সম্পত্তি সকল চিহ্নিত মত ভাবে কদর অনুপাতে বন্টনের জন্য তাহাদের মধ্যে উক্ত কালিদাসী গায়েন এবং গীতারানী পান্ডার ওয়ারিশগণ অপর শরিক হরিসাধন হাজরা, হরিভজন হাজরা অর্থাৎ অত্র দানপত্র দলিলের দাতা এবং হরিনারায়ণ হাজরা সকলের পিতা স্বর্গীয় গৌরী শঙ্কর হাজরা মহাশয়গনের বিরুদ্ধে বা বিবাদী পক্ষ হিসাবে গণ্য করিয়া মহামান্য আসানসোল মোকামের প্রথম মুন্সেফী আদালতে ১৯৮৩ সালে ৫৬ নং টাইটেল স্যুট মোকদ্দমা আনয়ন করেন এবং উক্ত মোকদ্দমা চলাকালে তাহাদের মধ্যে আপোষে চিহ্নিত করণ মতে বন্টন জন্য উক্ত আদালতে আপোষে সোলেনামা ডিক্রির জন্য মহামান্য উক্ত প্রথম মুন্সেফী আদালতে ইংরাজী ৩০/৫/১৯৮৩ তারিখে সোলেনামা নিষ্পত্তির জন্য সোলেনামা দরখাস্ত দাখিল করেন এবং উক্ত সোলেনামা দরখাস্ত মুলে বা দরখাস্ত বিমর্জিম উক্ত মোকদ্দমা নিষ্পত্তি হয় এবং সোলেনামা ডিক্রি উক্ত আদালত কর্তৃক চূড়ান্ত নিষ্পত্তির

ক্রমশ.........................৬.

Subhasish Hazra alias Sovan Hazra

ডিক্রি হয় এবং সোলেনামা ডিক্রি অনুসারে উক্ত টাইটেল স্যুট মোকদ্দমা ভুক্ত উক্ত সম্পত্তি মধ্যে আর. এস. ২৭৩১ এবং ২৫৫০ নং দাগ মধ্যে অধুনা স্বর্গীয় হরিসাধন হাজরা মহাশয়ের অনুকূলে ২৬ কাঠা ০৭ ছটাক ভূমি নির্দ্দিষ্ট ও সাবস্থ হয় এবং উক্ত হরিসাধন হাজরা উক্ত সোলেনামা ডিক্রি মূলে প্রাপ্ত নিম্নের তপশীলোক্ত সম্পত্তি সহ মোট ২৬ কাঠা ০৭ ছটাক চিহ্নিত মত ভূমি মায় গৃহাদিতে সম্পূর্ণ স্বত্ত্ব দখলের মালিক ও দখলকার হইয়া এবং থাকিয়া বিগত ইংরাজী ১৪/৮/২০০০ তারিখে সম্পাদিত ও ইংরাজী ১৬/৮/২০০০ তারিখে আসানসোল সাব রেজিষ্ট্রী অফিস হইতে রেজিষ্ট্রীকৃত ১নং বহির X১৪৮ নং ভল্যুমের ১৫ হইতে ১৯ নং পাতায় লিপিকৃত ইংরাজী সন ২০০০ সালের ৫১২০ নং দানপত্র দলিল মূলে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমাকে বিনাশর্ত আরোপে দান করিলে আমি অত্র দলিলের দানপত্র দাতা নিম্ন তপশীলে বর্ণিত উক্ত দানপত্র দলিল মূলে দানকৃত সম্পত্তি গ্রহণ করিয়া অদ্যতক্ সম্পূর্ণ স্বত্ত্ব দখলের মালিক থাকিয়া খাস দখলে দখলকার আছি এবং আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসের রেকর্ডে নিজ নাম পত্তন করাইয়া ধার্য্যমত ট্যাক্স, খাজনাদি প্রদান করিয়া ভোগদখল করিয়া আসিতেছি এবং উক্ত সম্পত্তি তোমার বরাবর দান করিয়া দিব বহুদিন হইতে সংকল্প করিয়া আসিতেছি কিন্তু আজকাল করিয়া তাহা সম্পাদন করা হয় নাই। এক্ষণে উক্ত দান করিবার ইচ্ছা তোমার নিকট জ্ঞাপন করায় তুমি আমার উক্ত স্নেহের দান গ্রহণ করিতে ইচ্ছুক হওয়ায় আমি অদ্য তপশীল বর্ণিত সম্পত্তি যাহার বর্ত্তমান বাজার দর মূল্য ৪,০০,০০০্ চারি লক্ষ টাকা হইবে উক্ত সম্পত্তি আমি অদ্য এই দানপত্র দলিল দ্বারা তোমার বরাবর দান করিয়া দিয়া সম্পূর্ণ নিঃস্বত্ত্ব ও দখলহীন হইলাম। দানকৃত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত্ব স্বামিত্ব লভ্য অধিকারাদি ছিল ও জন্মিয়াছিল

ক্রমশ.......................৭

তাহা আমা হইতে লুপ্ত হইয়া তোমাকে সম্পূর্ণরূপে অর্শিল ও বর্তিল । তুমি দানপত্র গ্রহীতা অদ্য তারিখ হইতে তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্ব দখলে সম্পূর্ণ স্বত্ত্ববান ও মালিক দখলকার হইয়া এবং থাকিয়া উক্ত সম্পত্তি তোমার ইচ্ছামত আইনসঙ্গতভাবে নানা প্রকার পরিবর্তন ও পরিবর্ধন আদি নির্ম্মাণ মতে ব্যবহার করতঃ এবং বসবাস করতঃ দানবিক্রয়াদি বিবিধ প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণ মায় স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল অধিকার করিতে থাক তাহাতে আমার মায় ওয়ারিশানের কস্মিনকালে কোনপ্রকার ওজরাপত্য বা দাবিদাওয়া কিছু চলিবে না । যদি কেহ করে বা করি তাহা সর্ব্বোতভাবে বাতিল ও নামঞ্জুর হইবে । আরও প্রকাশ থাকে যে দানকৃত সম্পত্তি মধ্যে কমন ব্যবহারের নিমিত্ত একখানি বড় সেপটিক ট্যাঙ্ক এবং কমন ড্রেন অপর শরিকগণের সহিত এজমালে ব্যবহার করিবে এবং উহার পরিষ্কার-পরিচ্ছন্নতা, রক্ষনাবেক্ষন ও মেরামতি খরচ সম অংশে বহন করিবে ।

দান কৃত সম্পত্তি ইতিপূর্ব্বে কোন প্রকার দায় সংযোগ আদি করিয়া রাখি নাই । সম্পূর্ণ নির্দ্দায় ও মুক্ত অবস্থায় থাকাকালীন তোমার বরাবর অদ্য তারিখে দান করিলাম এবং দানকৃত সম্পত্তিতে অদ্য তারিখ হইতে তুমি দানগ্রহীতা খাস দখল প্রাপ্ত হইলে ।

দানকৃত তপশীল বর্ণিত সম্পত্তিতে মায় হারাহারি খাজনায় দান গ্রহীতা তুমি আমার নামের স্থলে পশ্চিমবঙ্গ সরকারের এস. ডি. এল. এ্যান্ড. এল. আর. ও., এক্সটেনশন পার্ট- ১, আসানসোল অফিসে এবং আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে তোমার নিজ নাম পত্তন করাইয়া লইবে এবং হারাহারি মতে ট্যাক্স, খাজনাদি আদায় দিবে তাহাতে আমাকে যাহা কিছু মোকাবিলাদি দিতে হয় তাহা দিব ও দিতে বাধ্য থাকিব ।

:৮:

Subhasish Hazra alias Sovam Hazra

এতদর্থে আমি দানপত্র দাতা সুস্থ চিত্তে অন্যের বিনা অনুরোধে দান পত্র দলিলের মর্মাদি সম্যক রূপে অবগত হইয়া আমি স্বেচ্ছায় নিম্ন সাক্ষরকারী সাক্ষীগণের সাক্ষাতে অদ্য অত্র দানপত্র দলিল তোমার বরাবর সম্পাদন করিলাম । ইতি বাংলা সন ১৪১৫ সাল তারিখ ২০শে শ্রাবণ, ইংরাজী তারিখ ০৫/০৮/২০০৮ ।

-ঃ তপশীল সম্পত্তির বিবরণ ঃ-

জেলা বর্ধমান, চৌকি ও এ্যাডিশনাল ডিষ্ট্রিকট সাব রেজিষ্ট্রি অফিস আসানসোল, থানা হীরাপুর, সামিল মৌজা সাঁতা মধ্যে আর. এস. ১৯৭৭ নং খতিয়ান ভুক্ত রায়তী স্বত্ত্বীয় সম্পত্তির বার্ষিক ধার্য্যমত জমার সামিল সম্পত্তি, জে. এল. নং ২০ ।

দাগ নং আর. এস. ২৭৩১ (দুই হাজার সাত শত একত্রিশ), শ্রেণী বাস্তু, মধ্যে পরিমান ১৫২৯ (এক হাজার পাঁচ শত উনত্রিশ) বর্গফুট এর কাত কমিবেশী ০২ (দুই) কাঠা ০২ (দুই) ছটাক ভূমি মায় তদুপরি নির্ম্মিত একখানি পুরাতন পাকা গৃহাদি যাহার কভার্ড এরিয়ার পরিমাপ ৮৭৮ (আট শত আটাত্তর) বর্গফুট তৎসহ ফাঁকা জায়গাদি, যাবতীয় ফিটিংস, ফিক্সচার্স, ইলেকট্রিক কানেকসন, ইজমেন্ট স্বত্ত্বাদি সহ দান করা হইল ।

দানকৃত সম্পত্তি আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন অন্তর্গত ০১ নং ওয়ার্ড, রাধানগর রোড, হোল্ডিং নং ৯৫৭ (৩০) রূপে চিহ্নিত ।

দানকৃত সম্পত্তির প্রকৃত পরিচয় ও সীমারেখা নির্ণয়ের জন্য অত্র সহ এক কপি নকসা গ্রথিত হইল এবং উক্ত নকসায় দর্শিত লাল রং এর রেখা দ্বারা বেষ্টিত অংশ সম্পত্তি দান হইল এবং উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

ক্রমশ........................ ৯

:৯:

Subhasish Hazra alias Sovan Hazra

**ইহার চৌহদ্দি ঃ-**

উত্তরে ঃ শ্রী তুষার কান্তি হাজরা এর সম্পত্তি ।

দক্ষিণে ঃ শ্রী সুশান্ত হাজরা এর সম্পত্তি ।

পূর্ব্বে ঃ ১২'-০'' ফুট চওড়া রাস্তা ।

পশ্চিমে ঃ রাধারমন গায়েন এর সম্পত্তি ।

ইহার হারাহারি খাজনা ধার্য্যমত পশ্চিমবঙ্গ সরকার পক্ষে এস. ডি. এন্ড এল. আর. ও, এক্সটেনশন পার্ট- ১, আসানসোল বরাবর আদায় দিতে হয় ।

অত্র দানপত্রদাতার কহতমত এবং দলিল আদি দৃষ্টে প্রস্তুত করিয়া, পড়িয়া শুনাইয়া দিলাম এবং দলিলের মর্মাদি সম্যক রূপে বুঝাইয়া দিলাম এবং আমার অফিস হইতে দলিলখানি ছাপা হইল ।

Sulmala Ray

প্রস্তুতকারক ঃ-

অ্যাডভোকেট, আসানসোল কোর্ট,

এনরোলমেন্ট নং ডাব্লু. বি./১১১৬/১৯৯৯ ।


ই সা দি

*******************************

1. Sukumar Hazra
S/Late Hari Sadhan Hazra
PO + VILL - Santa DIST- Burdwan
W.B. 713325

২) Sukanta Hazra.
S/o Hari Bhajan Hazra.
VILL + Post Santa (Burdwan)

THE PART PLAN OF MOUZA- SANTA, J.L.NO.-20. P.S.- HIRAPUR, DIST- BURDWAN, R.S. KH. NO.- 1977, R.S. PLOT NO.-2731, WARD NO.-1, NEAR- CHHINNAMASTA, EXECUTED BY :- SRI- HARINARAYAN HAZRA. S/O.- LATE GOURI SHANKAR HAZRA IN FAVOUR OF :- SRI SUBHASHIS HAZRA ALIAS SOVAN HAZRA S/O.- SRI HARINARAYAN HAZRA. SCALE- 1" = 20'-0"




REFERENCE

AREA MEASURING 1529 SQFT. 2 KATHA. 2CH. APPROX 0.03½ ACRE, WITH IN THE OLD PREMISES GIFTED TO SRI- SUBHASHIS HAZRA ALIAS SOVAN HAZRA, COV. AREA- 878 SQFT. VACANT AREA - 651 SQFT. TOTAL AREA-1529 SQFT SHOWN IN RED COLOUR

শ্রীহরিনারায়ণ হাজরা

Subhasish Hazra alias Sovan Hazra



Surveyor

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the A. D. S. R. ASANSOL, District- Burdwan
Signature / LTI Sheet of Serial No. 05552 / 2008, Deed No. (Book - I , 06703/2008)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Sri Hari Narayan Hazra | | | শ্রীহরিনারায়ণ হাজরা 05/08/08 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Hari Narayan Hazra Address -Santa Burnpur Burdwan | Self |  05/08/2008 |  LTI 05/08/2008 | শ্রীহরিনারায়ণ হাজরা 05/08/08 |
| 2 | Subhasish Hazra Address -Santa Burnpur Burdwan | Self |  05/08/2008 |  LTI 05/08/2008 | Subhasish Hazra alias Sovan Hazra 05/08/08 |


**Name of Identifier of above Person(s)**
Sukumar Hazra
PS-Hirapur,Vill.+ P. O. - Santa Burnpur Burdwan

**Signature of Identifier with Date**
1. Sukumar Hazra 5/8/08

(Dipankar Mahato)
ADDITIONAL DISTRICT SUB REGISTRAR OF ASANSOL

| | Thumb | littlefinger to forefinger |
|---|---|---|
| Left Hand | | |

| | Thumb | forefinger to littlefinger |
|---|---|---|
| Right Hand | | |






শ্রীহরিনারায়ণ হাজরা

Finger Print attested by me : (Hari narayan Hazra) শ্রীহরিনারায়ণ হাজরা

| | Thumb | littlefinger to forefinger |
|---|---|---|
| Left Hand | | |

| | Thumb | forefinger to littlefinger |
|---|---|---|
| Right Hand | | |





Subhasish Hazra alias Sovan Hazra

Finger Print attested by me : Subhasish Hazra alias Sovan Hazra

| | Thumb | littlefinger to forefinger |
|---|---|---|
| Left Hand | | |

| | Thumb | forefinger to littlefinger |
|---|---|---|
| Right Hand | | |

Photo

Finger Print attested by me :